


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৮/০২/২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা রাঙ্গামাটি সরকারি কলেজের ছাত্র-ছাত্রীদেরকে জানানো যাচ্ছে যে, ক্ষুদ্র নৃগোষ্ঠী সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি এর উদ্যোগে আগামী ২৫-২৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখ পর্যন্ত জেলা পর্যায়ে বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগ্রহী ছাত্র-ছাত্রীকে (একাদশ থেকে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত) নাম, শ্রেণি, রোল নম্বর, বিভাগ, শিক্ষাবর্ষ, প্রতিষ্ঠানের নাম ও মোবাইল নম্বর উল্লেখ করে নামের তালিকা আগামী ২৩/০২/২০২০ খ্রি. তারিখের মধ্যে বাংলা বিভাগের সহকারী অধ্যাপক জনাব মো. মহিউদ্দিন এর নিকট জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল।

- ১। প্রতিযোগিতার স্থান : ক্ষুদ্র নৃগোষ্ঠী সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি
- ২। প্রতিযোগিতার বিষয় : সংগীত- ক্ষুদ্র নৃগোষ্ঠী, দেশাত্ত্ববোধক, লোকগীতি, রবীন্দ্র, নজরুল, উচ্চাঙ্গ, ক্ষুদ্র নৃগোষ্ঠী গেথুলী সঙ্গীত।
নৃত্য- সাধারণ, উচ্চাঙ্গ, লোকনৃত্য, ক্ষুদ্র নৃগোষ্ঠী একক ও দলীয়নৃত্য।
যন্ত্রসংগীত- তবলা, স্প্যানিশ গীতার, ধুক।
চিত্রাংকন- পেনসিল/জলরঙ।


(প্রফেসর মোঃ মঈন উদ্দীন)

অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


২৬/০২/২০২০

কার্যার্থে বিতরণ:

- ১। জনাব মো. মহিউদ্দিন, সহকারী অধ্যাপক (বাংলা), অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে প্রতিযোগীদের নামের তালিকাসমূহ সংগ্রহ করে আগামী ২৩/০২/২০২০ খ্রি. তারিখের মধ্যে কলেজ অফিসে জমাদানের জন্য অনুরোধ করা হলো।
- ২। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ৩। সংরক্ষণ নথি।